



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



পিআর ৮০/২১

তারিখ: ০৭ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ


প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক আনসারুল্লাহ বাংলা টিম এর ০১ জন এজাহারনামীয় পলাতক আসামী
গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে ২১ সেপ্টেম্বর ২০২১ খ্রি: বিকাল ১৭.০০ ঘটিকার সময় অভিযান পরিচালনা করে ডিএমপি'র যাত্রাবাড়ী থানাস্থ মীর হাজিরবাগ এলাকা থেকে আনসারুল্লাহ বাংলা টিম এর ০১ (এক) সদস্যকে আটক করেছে। আটককৃত সদস্যের নাম- মো: নাহিদ হাসান (২৩), পিতা- মো: ইমাম হোসেন, মাতা- নাসিমা আক্তার, স্থায়ী ঠিকানা- ভুলতা, পাচাইখাঁ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে ০২টি মোবাইল সেট এবং ০৩টি সিমকার্ড জব্দ করেছে।

গ্রেফতারকৃত মোঃ নাহিদ হাসান ও তার সহযোগীরা 'গাজওয়াতুল হিন্দ' প্রতিষ্ঠার লক্ষ্যে অনলাইনে উগ্রবাদী প্রচারণাসহ রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্রের মাধ্যমে বাংলাদেশে খিলাফত প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে দীর্ঘদিন ধরে অনলাইনে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছিল। আসামী সামাজিক যোগাযোগ মাধ্যম ও অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করে রাষ্ট্র ও সরকার বিরোধী এবং ধর্মীয় উসকানিমূলক উগ্রবাদী বিভিন্ন পোস্ট দিয়ে আসছিল। এছাড়া অনলাইনে নিজেদের মতবাদ প্রচারের মাধ্যমে আনসারুল্লাহ বাংলা টিমের পক্ষে সদস্য সংগ্রহের কাজ চালিয়ে যাচ্ছিল। গ্রেফতারকৃত আসামী উগ্রবাদী বিভিন্ন বই ও বক্তৃতা অনলাইনে পোস্ট করে দলীয় লোকদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষাসহ সহজ সরল লোকদের উগ্রবাদের দিকে আহ্বান করত। সাধারণ মানুষের মধ্যে ধর্মীয় উগ্রবাদী মতাদর্শ প্রচার ও আতঙ্ক সৃষ্টির মাধ্যমে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি, নাশকতার পরিকল্পনা, প্রশিক্ষণ ও প্রস্তুতি নেয়ার জন্য সিকিউরড চ্যাট গ্রুপ খুলে গ্রেফতারকৃত মো: নাহিদ ও সহযোগীগণ নিজেদের মধ্যে আলাপ-আলোচনা চালিয়ে যাচ্ছিল।

গ্রেফতারকৃত মোঃ নাহিদ হাসান ডিএমপি'র কদমতলী থানার মামলা নং-৩২, তারিখঃ ১১/০৮/২০২১, ধারা সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩)-এর ৮/৯(৩)/১২/১৩ এর এজাহারনামীয় পলাতক আসামী। তার বিষয়ে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।


২২/০৯/২০২১

(মোহাম্মদ আসলাম খান)
পুলিশ সুপার
(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)
এন্টি টেররিজম ইউনিট,
বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd